দামুড়হুদার দর্শনায় রেলের ৬ দফা দাবিতে আল্টিমেটাম

চুয়াডাঙ্গা জেলার দামুুড়হুদা উপজেলার দর্শনায় ঢাকা গামী সুন্দরবন আপ ও চিত্রা ডাউনের যাত্রা বিরতি ২ টি ট্রেন পুনঃচালু করন সহ ৬ দফা দাবিতে ২৭ তারিখ পর্যন্ত আল্টিমেটাম না মানলে ১ মার্চ রেলপথ অবরাধের কর্মসূচি দিয়ে লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে দর্শনা রেলবাজার ও মুজিবনগর সড়ক লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট অনুষ্ঠানে নেতৃত্বে দেন দর্শনার জন্য আমরা সংগঠনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা মোঃ আনারুল ইসলাম বাবু।

এসময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্র নেতা ইমরুল কাইয়ুম, দর্শনা জুয়েলারি সমিতির সাধারণ সম্পাদক অবনী সান্তরা মানা, মো রবিউল আলম বাবু, বীর মুক্তিযোদ্ধা আবুল বাসার, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাকিম, নাহিদুল ইসলাম আদন, সাব্বির হোসেন ইমন, আব্দুর রহমান রতন, কবিরুল হক লিপু, মিরাজুর রহমান মিরাজ প্রমুখ।

দর্শনায় বেগমপুরের রাঙ্গিয়ারপোতায় পুকুর খননে হুমকীর মুখে ঘর-বাড়ি

ভয়ংকর হুমকির মুখে চুয়াডাঙ্গার বেগমপুরের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার বাসিন্দারা। ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যানের একটি পুকুর খননের কারণে ঘটতে পারে বড় ধরনের দূর্ঘটনা।

যে কারণে আতঙ্কিত গ্রস্থ হয়ে রয়েছে পুকুরের চারি পাশে বসতবাড়ির বসবাসকারীরা। তবে চেয়ারম্যানের সকল অন্যায়কে ভয়ে মুখ বুঝে নীরব

দর্শকের ভুমিকা পালন করছে স্থানীয় বাসিন্দারা।

বিষয়টি প্রশাসনিক ভাবে ব্যাবস্থা গ্রহণের দাবী জানিয়েছে স্থানীয় বাসিন্দা সহ সচেতন মহল।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার আব্দুল কাদেরের ছেলে দর্শনা থানা বিএনপির সাধারন সম্পাদক ও বেগমপুর ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বিশ্বাস নিজ বসত বাড়ির সন্নিকটে স্কেভেটর ভিড়িয়ে একটি পুকুর খনন করছে। সে পুকুরের মাটি ট্রাক্টর যোগে বিভিন্ন স্থানে বিক্রি হচ্ছে। এ পুরেরর মাটি বিক্রির কারণে অতি গভীর করে খনন করা হচ্ছে পুকুর। যে কারণে আশপাশের বাড়ি-ঘর পড়েছে হুমকীর মুখে। সেই সাথে চরম নিরাপত্তা হীনতা সহ আতঙ্কের মধ্যে রয়েছে বসবাসরত বাড়ির মানুষ জন।

এদিকে নামপ্রকাশ না করার সর্তে পুকুরের পাশে বসবাসরত একজন বলেন, চেয়ারম্যানের পুকুরের পাশে আমার বাড়ি। তাছাড়া পুকুরের চারিপাশে একাধিক ব্যাক্তির ইটের ও টিনের ঘর-বাড়ি রয়েছে। এখানে বসবাসরত ঘর-বাড়ির মাঝখানে এত গভীর করে একটি পুকুর খননের কারণে আমি সহ আশপাশের বাড়ির লোকজন হুমকীর মুখে রয়েছি। সেই সাথে স্ত্রী-সন্তান সহ পরিবারের সকলে নিয়ে আতঙ্কের মধ্যে রয়েছি। রাতে ঘুমালে মনে হয় কখন যেন ঘর-বাড়ি ভেঙ্গে পুকুরগর্ভে তলিয়ে যায় এবং প্রাণহানী ঘটে। তবে চেয়ারম্যান প্রভাবশালী হওয়ায় এতবড় অপরাধের প্রতিবাদ করার কেউ সাহস পাচ্ছেনা। তাই বিষয়টি প্রশাসনিক ভাবে ব্যাবস্থা গ্রহণের দাবী জানিয়েছে স্থানীয় বাসিন্দা সহ সচেতন মহল।

এ বিষয়ে আহম্মদ আলী বিশ্বাস বলেন, এ পুকুর খননের অনুমতি নেওয়া আছে ডিসি স্যারের।

বেগমপুর ইউনিয়ন (ভুমি) অফিসের সহকারী কর্মকর্তা সেলিম বলেন, পুকুর খননের বিষয়টি আমাদের জানা নেই। তবে অনুমতির বিষয়ে চেয়ারম্যান আহম্মদ আলীর ছেলে কয়েকদিন আগে কোন কাগজ এসেছে কিনা খোঁজ নিতে এসেছিল আমার কাছে। তবে কোন অনুমতি আছে কিনা আমার জানা নেই।

দামুড়হুদায় উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বেলা ১২টার দিকে উপজেলা রাজস্ব প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যা মোঃ আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনসহ উপজেলার সব দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা

দামুড়হুদায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান এর সাথে উপজেলা লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে মহিলা বিষয়ক কর্মকর্তার

কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় উপজেলা লোকমোর্চার সদস্যগণ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর সাথে প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সেলিনা আক্তার, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, প্রচার সম্পাদক হাবিবুর রহমান, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, আরিফুল ইসলাম মিলন, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান প্রমূখ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদা কাঁঠালতলা রাস্তা নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা থেকে কুমারীদহ হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে তিনি সরজমিনে এই পরিদর্শন করেন। এসময় তিনি রাস্তায় ব্যবহৃত ইট, রাস্তার সঠিক মাপ আছে কিনা বিভিন্ন বিষয়ের পরিদর্শন করেন।

নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন রাস্তাটির এক কি:মি: কাজ হবে, সব কাজ এখনো শেষ হয়নি। এখন পর্যন্ত যতটুকু কাজ হয়েছে তা সন্তোষজনক। সম্পূর্ণ কাজটি যেন ভালোভাবে শেষ হয় তার জন্য বলা হয়েছে। রাস্তার কাজে কোন অনিয়ম যেন না হয় সে বিষয়ে সতর্ক করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের পুরষ্কার বিতরণ

২১শে ফেব্রুয়ারি ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা পুলিশ কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটা সময় পুলিশ লাইন্স ড্রিল শেডে অমর ২১শে ফেব্রুয়ারি ২০২৩ ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে পুলিশ লাইন্স ড্রিল শেডে চুয়াডাঙ্গা জেলা পুলিশ কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত রচনা প্রতিযোগিতায় তিনটি গ্রুপে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল-কলেজের সর্বমোট ৬০৮ জন ছাত্র-ছাত্রী স্বহস্তে লিখিত রচনা জমা দেন। ক, খ ও গ গ্রুপে শ্রেষ্ঠত্ব অর্জনকারী ১৮ জন ছাত্র-ছাত্রীদের ক্রেস্ট, সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল)

মোঃমুন্না বিশ্বাস সহ সকল অফিসার ইনচার্জ, ডিআইও-১, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই, ক্যাম্প ইনচার্জগণ, আগত স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ, সুশীল সমাজের নাগরিকবৃন্দ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ফোর্সবৃন্দ।

ভারতে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ভারতের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনস্থ মুজিবনগর বিওপির প্রতিপক্ষ ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ প্রীতি ম্যাচে বিএসএফ রানারআপ এবং বিজিবি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উক্ত প্রতিযোগিতায় বিজিবি’র পক্ষে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল এমারাত হোসেন, পিবিজিএম এবং বিএসএফ এর পক্ষে উপস্থিত ছিলেন ইন্সপেক্টর জেনারেল ডঃ অতুল ফুলজেলে, আইপিএসসহ বিজিবি-বিএসএফ এর অন্যান্য অফিসার, উভয় দেশের খেলোয়াড় এবং অন্যান্য সৈনিকবৃন্দ।

দর্শনায় কেরুজ ব্যারাকে

পুলিশের মাদক বিরোধী অভিযানে তিন শ্রমিকের কারাদন্ড

দর্শনা কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানা পুলিশ। গতকাল বুধবার রাত সাড়ে ৮টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই সোহেল ও এ এস আই বশির সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারের একটি কক্ষে।

এ অভিযানে কোয়ার্টারের একটি কক্ষে বসে মদ ও গাঁজা সেবনের অপরাধে ৩ জনকে আটক সহ মাদক সেবনকারীদের নিকট থাকা মাদকদ্রব্য মদ ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করা হয়।

এরপর ঘটনাস্থলে বসানো হয় ভ্রাম্যমান আদালত। এ আটক ব্যাক্তিদের ভ্রাম্যমান আদালতে ২০১৮ সালের মাদকদ্রব্য আইনে ৩৬/১ ধারায় স্বরনীয় ৫ ধারা মোতাবেক প্রত্যেককে ১৫ দিনের কারাদন্ড ও ১ শত টাকা করে জরিমানা করা হয়।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা এবং রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস। দন্ডপ্রাপ্তরা হলেন দর্শনা আনোয়ারপুরের রুহুল আমিনের ছেলে আশরাফ আলী (৪০), কেরুজ হাসপাতাল পাড়ার সবেদ খাঁর ছেলে সুজন (৩৫) ও কেরুজ পিও কোয়ার্টারের আব্দুর রহমানের ছেলে মাইনউদ্দিন লিটন (৪৫)।

পরে মাদক সেবনকারীদের নিকট হতে উদ্ধার হওয়া মদ ও গাঁজা সহ মাদক সেবনের সরোঞ্জাম ঘটনাস্থলেই আগুণে পুড়িয়ে ধ্বংশ করা হয়। সেই সাথে কারাদন্ডপ্রাপ্ত সকল আসামীকে পাঠানো হয় চুয়াডাঙ্গা জেলা কারাগারে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক অভিযানে মাদকসহ আটক-৪

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক,পৃথক অভিযান পরিচালনা করে মাদক উদ্ধার সহ ৪ মাদক ব্যাবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যাবসায়ীদের ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, গতকাল বুধবার সকাল হতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীম ভুইয়া ও জেলা বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে পৃথক,পৃথক স্থানে অভিযান পরিচালনা করা হয়।

এ অভিযানে দুপুর সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়ার নের্তৃত্বে চুয়াডাঙ্গা সদর থানাধীন সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগানে অভিযান চালিয়ে ২০ লিটার তাড়ি উদ্ধার সহ গ্রেপ্তার করা হয় সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার মৃত ভোলা বিশ্বাসের ছেলে রওশন আলী বিশ্বাসকে (৫৫)।

এসময় ঘটনাস্থলেই ভ্রাম্যমান আদালত বসিয়ে তাড়ি সহ আটক ব্যাক্তিকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এরপর দুপুর দেড়টার দিকে একই অভিযানিক দল সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগান হতে ৩০ লিটার তাড়ি সহ সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার আকছেদ আলী মন্ডলের ছেলে মো:জিনারুল মন্ডলকে (৪০) আটক করা হয়। আটককৃতর বিরুদ্ধে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।
এ দুটি ভ্রাম্যান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীম ভুইয়া। একইদিন বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে জেলার দামুড়হুদা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে

দামুড়হুদার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ার মৃত লিয়াকত আলীর ছেলে আসমান আলীর নিজ বসতঘর হইতে ৪১০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় আসমান আলীকে (৪০)। ঘটনা স্থলে আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন। সর্বশেষ বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভাগীয় স্টাফদের সমন্বয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মাঠপাড়ায়।

এসময় মাঠপাড়ার হারুন-অর-রশিদের ছেলে সজীব মোল্লার বাড়ির বসত ঘরে অভিযান পরিচালনা করে ৩ বোতল আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেন। এসময় মাদক উদ্ধার সহ আটক করা হয় মাদক ব্যাবসায়ী সজীব মোল্লাকে (২২)।

পরে আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দামুড়হুদা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।

আলমডাঙ্গায় পৃথক সড়ক দুর্ঘটনায় এক নারীসহ দু’জন আহত

আলমডাঙ্গার বৈদ্যনাথপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় এক নারীসহ দুইজন আহত হয়েছে। বুধবার সন্ধ্যায় মোটর সাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে আসমান আলী নামের এক ব্যক্তি ও পিকআপের ধাক্কায় অজ্ঞাত এক মহিলাকে রাস্তা থেকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে স্থানীয়রা।

জানা গেছে, আলমডাঙ্গার বৈদ্যনাথপুর গ্রামের রবিউল হকের ছেলে আসমান আলী মোটর সাইকেলযোগে যাচ্ছিলেন। বাচ্চুর বিন্কুট ফ্যাক্টরীর সামনে এসে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে গেলে হাত-পা ভেঙ্গে যায়।